ইত্তেফাক

78

তারিখ ৩০/১১/৮১
পৃষ্ঠা ... কলাম ...

## একটি সরকারী কলেজের সমস্যা

প্রায় দুই বৎসর পূর্বে প্রধানমন্ত্রী মরহুম প্রেসিডেন্টের ঘোষণা অনুযায়ী আমাদের ঐতিহ্যবাহী মুক্তাগাছা শহীদ স্মৃতি কলেজ জাতীয়করণ করিয়াছিলেন। ইতিমধ্যেই সরকারীকরণের কিছু কিছু সুফল আমরা পাইতে শুরু করিয়াছি। ইহার জন্য আমরা কৃতজ্ঞ।

কিন্তু অতীব দুঃখের সংগে প্রধান মন্ত্রীর অবগতির জন্য জানাইতেছি যে, আমরা মুক্তাগাছা শহীদ স্মৃতি সরকারী কলেজের ছাত্র সমাজ সরকারীকরণের সিংহভাগ সুযোগ-সুবিধা হইতে বঞ্চিত হইতেছি। এখানে বি, এস, সি, ও অনার্স পড়ার সুযোগ নাই, বিজ্ঞানাগারের প্রয়োজনীয় যন্ত্রপাতি নাই, লাইব্রেরীতে বই-পুস্তকের সংকট এবং কলেজের নিজস্ব কোন খেলার মাঠ নাই। এমন কি ডিগ্রী পরীক্ষার কেন্দ্র পর্যন্ত আমাদের কলেজে নাই। ১০।২০ মাইল দূর-দূরান্তের গ্রাম-শহর হইতে আমরা কলেজে অত্যন্ত কষ্ট করিয়া সারা বৎসর ক্লাস করি। ইহার জন্য কলেজের নিজস্ব কোন যানবাহনও নাই।

মাননীয় প্রধান মন্ত্রীর নিকট আমাদের আকুল আবেদন, শহীদ স্মৃতি সরকারী কলেজে আশু "ডিগ্রী পরীক্ষা কেন্দ্র" এবং বি,এস,সি ক্লাস খোলার অনুমতি দিয়া পর্যায়ক্রমে অন্যান্য সমস্যার সমাধান করিবার পদক্ষেপ নিন।

ছাত্র/ছাত্রীদের পক্ষে, মোঃ আবদুল লতিফ আকন্দ সহ-সভাপতি শহীদ স্মৃতি সরকারী মহাবিদ্যালয়, ছাত্র সংসদ মুক্তাগাছা ময়মনসিংহ।